



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



ME-16375

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৯১০০৫৫৮১/ বরিশাল - ১৮৯/ ১০৬৩৬

তারিখ: ২৩.০৬.২০১৯খ্রিঃ

বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন চরগজালিয়া ছালেহিয়া আলিম মাদ্রাসার গভার্ণিং বডির নির্বাচনে অনিয়ম ও জাল-জালিয়াতির কারণে ৫ (পাঁচ) জন সদস্যের পদত্যাগপত্রসহ অধ্যক্ষের বিরুদ্ধে উক্ত মাদ্রাসার ইবতেদায়ী প্রধান মো: নুরুল আমিন অভিযোগপত্র দাখিল করেন। অভিযোগপত্রে উল্লেখ করা হয়েছে যে উক্ত মাদ্রাসার গভার্ণিং বডি গঠনে অভিভাবক সদস্য নির্বাচন না করে অধ্যক্ষ গোপনে জাল-জালিয়াতির মাধ্যমে প্রিজাইডিং অফিসারের যোগসাজসে তার পছন্দনীয় ৪ (চার) জন অভিভাবককে অভিভাবক সদস্য হিসেবে নির্বাচিত করেন। এতে অভিভাবকদের মধ্যে অসন্তোষ ও ক্ষোভের সৃষ্টি হয়। এহেন জাল-জালিয়াতির কারণে নির্বাচিত গভার্ণিং বডির ৫ (পাঁচ) জন সদস্য পদত্যাগ করেন।

এমতাবস্থায় নির্বাচনে অনিয়ম এবং ৫ জন সদস্যের পদত্যাগ সংক্রান্ত বিষয়ে সরেজমিন তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ সার্বিক বিষয়ে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক () পাতা।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।



নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৯১০০৫৫৮১/ বরিশাল - ১৮৯/ ১০৬৩৬

তারিখ: ২৩.০৬.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
২. জনাব মাওলানা মো: নুরুল আমিন, চরগজালিয়া ছালেহিয়া আলিম মাদ্রাসা, বাকেরগঞ্জ, বরিশাল।
৩. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অফিস কপি।



মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

